



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-২৯/ক/অনু:/২০৩(অংশ-১)/১২/১৬৮৬

তারিখ: ২০/০১/২০২০ইং

বিষয়: প্রাথমিক পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র: অধ্যক্ষের আবেদন।

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ নারায়ণগঞ্জ জেলার সদরে অবস্থিত 'নারায়ণগঞ্জ হাই স্কুল এন্ড কলেজ' এর পাঠদানের প্রাথমিক অনুমতির মেয়াদ ০১/০৭/২০১৫ তারিখ হতে ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) বছরের জন্য বৃদ্ধি করা হলো।

শাখাসমূহ:

১। ব্যবসায় শিক্ষা

বিষয়সমূহ:

আবশ্যিক:

১। বাংলা

২। ইংরেজি

৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

ব্যবসায় শিক্ষা:

১। হিসাব বিজ্ঞান

২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা

৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

শর্তসমূহ:


১. পত্র জারি হতে আগামী ১ (এক) বছরের মধ্যে কলেজের নামে ক্রয়কৃত জমিতে ভবন নির্মাণ করে বোর্ডের অনুমতিক্রমে স্থানান্তর করতে হবে। অন্যথায় প্রাথমিক পাঠদানের অনুমতি বাতিল বলে গন্য হবে।
২. কলেজে নিয়োগকৃত এবং ভবিষ্যতে নিয়োগযোগ্য কোন শিক্ষক/কর্মচারীর এমপিও দাবী করা যাবে না।
৩. প্রথম অস্থায়ী স্বীকৃতির জন্য শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করতে হবে।
৪. কলেজে নিয়োগকৃত এবং ভবিষ্যতে নিয়োগযোগ্য কোন শিক্ষক/কর্মচারীর এমপিও দাবী করা যাবে না।
৫. শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুসরণ করতে হবে।
৬. কলেজের বর্তমান ঠিকানা বোর্ডের পূর্বানুমতি ব্যতীত পরিবর্তন করা যাবে না।
৭. কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
৮. এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গন্য করা যাবে না।
৯. কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

Handwritten signature

১০. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
১১. প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
১২. উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল আরও উন্নীত করতে হবে।
১৩. কলেজের পরবর্তী ১ম অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:
 - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট;
 - (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট;
 - (গ) ১ম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে



২০/০১/২০২০

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

'নারায়ণগঞ্জ হাই স্কুল এন্ড কলেজ' [EIN: 112420]

সদর, নারায়ণগঞ্জ।

মেমো নং- ১৬৮৬ (৬)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। অফিস কপি

তারিখ : ২০/১/২০২০



কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা